ফাতওয়া নাম্বার: ৫৬৫ প্রকাশকাল:১৮-০৬-২০২৫ ইং

মীকাতের বাহির থেকে ইহরাম বিহীন হেরেমে প্রবেশকারীর করণীয়

প্রশ্ন:

একজন উমরার সফরে উমরা করে তায়েফ যাওয়ার পরে উমারার ইহরাম বাঁধা এবং উমরা না করেই আবার মক্কায় প্রবেশ করেন, অতঃপর দেশে চলে এসেছেন। তার করণীয় কি? একইভাবে একজন মদীনায় যান, পরে সেখান থেকে ইহরাম ও উমরা না করে মক্কা হয়ে দেশে ফেরত এসেছেন। তার করণীয় কি?

-আবদুল জাব্বার

উত্তর:

প্রশ্নোক্ত ব্যক্তিদ্বয়ের জন্য পরবর্তীতে মীকাত থেকে ইহরাম বেঁধে একটি উমরা বা হজ করা ওয়াজিব। কেননা তায়েফ ও মদীনা মিকাতের বাহিরে। আর মিকাতের বাহির থেকে হেরেমে প্রবেশকারীর জন্য হজ বা উমরার জন্য ইহরাম বেঁধে প্রবেশ করা আবশ্যক। এজন্য তাদের উচিত ছিল মক্কায় প্রবেশের পূর্বে মীকাত থেকে উমরার ইহরাম করে নেয়া। যেহেতু তারা তা না করে দেশে চলে এসেছেন, তাই তাদের যিম্মায় হজ বা

উমরা বাকি রয়ে গেছে। –শরুহুল জামিউস সগীর: ১/২৩৮ (দারুর রায়াহীন); আল-মাবসুত: ৪/১৭৪ (দারুল মারিফাহ); রদ্দুল মুহতার: ২/৫৮৪ (দারুল ফিকর); ফাতহু বাবিল ইনায়া: ২/১২৯-১৩০ (দারু ইবনি আব্বাস); ফাতহুল কাদীর: ২/৪২৫ (দারুল ফিকর); আল-হিন্দিয়া: ১/২২১ (দারুল ফিকর); আল-হাভীল কুদসী: ১/৩২৩ (দারুন নাওয়াদির)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২১-১১-১৪৪৬ হি.

২০-০৫-২০২৫ ঈ.